গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৫২

# রাজশাহীতে আর্ন্তজাতিক দুর্নীতিবিরোধী দিবসের কর্মসূচি

রাজশাহী; ২২ অগ্রহায়ণ (০৭ ডিসেম্বর):

আগামী মঙ্গলবার (০৯ ডিসেম্বর) আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস। সারাদেশের ন্যায় রাজশাহীতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করা হবে। দিবসটির এবারের প্রতিপাদ্য– 'দুর্নীতির বিরুদ্ধে তারুণ্যের একতা, গড়বে আগামীর শুদ্ধতা'।

দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন এবং মহানগর দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে দিবসটি উপলক্ষ্যে ওইদিন সকাল সাড়ে আটটায় রাজশাহী জেলা পরিষদ মিলনায়তন চত্বরে বেলুন–ফেস্টুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করা হবে। সকাল নয়টায় একই স্থানে মানববন্ধন অনুষ্ঠিত হবে। মানববন্ধন শেষে জেলা পরিষদ মিলনায়তনে দিবসটির প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। বিকাল সাড়ে ছয়টায় রাজশাহী জেলা তথ্য অফিসের আয়োজনে দুর্নীতি বিরোধী তথ্যচিত্র প্রদর্শন করা হবে।

রাজশাহী দুর্নীতি দমন কমিশনের পরিচালক মো. ফজলুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিভাগীয় কমিশনার ড. আ. ন. ম. বজলুর রশীদ।

............................................................

রুহুল/তৌহিদ/স্মিতা/হালিম/২০২৫/১৬:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd